কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
নীতি ও পরিকল্পনা শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১২.০৬.০০২.২৪. ২১৭

তারিখ: ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের উপর অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ২০২৫-২৬ অর্থ বছরের এডিপিভূক্ত নিম্নোক্ত ০৩ (তিন)টি প্রকল্পের উপর গত ১৮/০৮/২০২৫ খ্রিঃ তারিখ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

ক) স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ)।

খ) আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।

গ) শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং অনুমোদিত ডিপিপির নির্দেশনা মোতাবেক প্রতি ০৩ (তিন) মাস পরপর সভা আহবানের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে সভার নোটিশসহ কার্যপত্র সম্মানীত সদস্যদের বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ।

তৌহিদ মোঃ রাশেদ খান
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৫৫০২৮৪৩৮
e-mail: rkshahu@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ)।
২। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপপরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৬। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)
কৃষি বিপণন অধিদপ্তর
২২ মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা - ১২১৫।

**বিষয়ঃ "স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ)" শীর্ষক প্রকল্পের ২০২৫-২৬ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাসির-উদ-দৌলা |
| | : | মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, Online (Zoom platform)। |
| তারিখ | : | ১৮/০৮/২০২৫ খ্রিঃ। |
| সময় | : | বিকাল ১৪:০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ পরিশিষ্ট-"ক"**

সভায় উপস্থিতি : কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট প্রতিনিধি, আইএমইডি এর সংশ্লিষ্ট প্রতিনিধি, একনেক অনুবিভাগ এর সংশ্লিষ্ট প্রতিনিধি, অর্থ বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধিগণ Zoom Platform এ অংশগ্রহণ এবং কৃষি বিপণন অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দের উপস্থিতি দেখানো হয়েছে (পরিশিষ্ট-"ক")।

**১.০ উপস্থাপনা:**

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত এবং Online (Zoom platform) সংযুক্ত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানান। অতঃপর কম্পোনেন্ট পরিচালক জনাব ড. মোহাম্মদ রাজু আহমেদ (উপসচিব), স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) (২য় পর্যায়) কে আলোচ্যসূচি অনুসারে বক্তব্য উপস্থাপন করার জন্য আহ্বান জানান। কম্পোনেন্ট পরিচালক প্রকল্পের পক্ষ থেকে সবাইকে স্বাগত জানিয়ে তাঁর নির্ধারিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

**২.০ আলোচনাঃ**

**২.১ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি আলোচনাঃ**

জলবায়ু পরিবর্তনের পরিবর্তিত পরিস্থিতিতে চাহিদাভিত্তিক পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্য ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি, ফসলের বৈচিত্র আনয়ন ও বাজারজাতকরণের মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি, নারী ও যুবকদের **আত্ম**কর্মসংস্থানের সুযোগ তৈরি এবং জীবনযাত্রার মানোন্নয়ন প্রকল্পের লক্ষ্য। এছাড়া প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ (ক) উচ্চমূল্য (High Value) ফসলের প্রক্রিয়াজাতকরণ এবং বাজারজাতকরণঃ মার্কেট লিংকেজ উন্নয়ন; উচ্চমূল্য (High Value) ফসলের পোস্ট হারভেস্ট এবং প্রক্রিয়াজাতকরণে বিনিয়োগ বৃদ্ধিকরণ; খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বৃদ্ধিকরণ। খ) মার্কেট লিংকেজ এবং অফ-ফার্ম ডাইভার্সিফিকেশনঃ মার্কেটিং এরেঞ্জমেন্ট; ই-কমার্স, ব্র্যান্ডিং এবং সার্টিফিকেশন; নারী ও যুবকদের মাঝে অফ-ফার্ম ইনকাম জেনারেশন এবং উদ্যোক্তা উন্নয়ন।

**২.২ ২০২৫-২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা পর্যালোচনাঃ**

কম্পোনেন্ট পরিচালক ২০২৫-২৬ অর্থবছরের কর্মপরিকল্পনা ও প্রকল্পের শুরু থেকে জুন-২০২৫ পর্যন্ত আর্থিক ও ভৌত অগ্রগতির এবং কার্যাবলী উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), কৃষি মন্ত্রণালয়ের ০৪ টি সংস্থা কর্তৃক ২০ টি জেলার ৯০ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। যেখানে DAE লিড এজেন্সি হিসাবে কাজ করছে। এছাড়া প্রকল্পের ২য় সংশোধনীতে Diversified Resilient Agriculture for Improved food and Nutrition Security (RAINS-DAM)-অংশ সংযুক্ত হয়েছে। স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) প্রকল্পটি বিভিন্ন ক্যাটাগরীর প্রশিক্ষণ এবং ম্যাচিং গ্রান্টের মাধ্যমে প্রসেসিং যন্ত্রপাতি ও পরিবহণ সুবিধা প্রদান করা হচ্ছে। প্রকল্পের শুরু থেকে জুন, ২০২৫ পর্যন্ত (৭৪%) অর্জন হয়েছে। প্রকল্পের ২৭৫৯৫.০০ লক্ষ টাকা আরডিপিপি বরাদ্দের মধ্যে ২০২১০.০০ লক্ষ টাকা অর্জন করা হয়, যা মোট বরাদ্দের ৭৪%। ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি বরাদ্দ ৫৪৪৪.০০ লক্ষ টাকা। এডিপি বরাদ্দের আলোকে অগ্রগতি (জুলাই/২৫) পর্যন্ত ৪০.০০ (০.৭৪%) (লক্ষ টাকা)।

**২.৩ গত পিআইসি সভার সিদ্ধান্তের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনাঃ**

| ক্রমিক নং | গৃহীত সিদ্ধান্ত | অগ্রগতি পর্যালোচনা |
|---|---|---|
| ক) | প্রকল্পের আন্তঃখাত সমন্বয় করে ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | আরডিপিপি সংশোধনের কাজ চলমান রয়েছে। |
| খ) | আরডিপির অসমাপ্ত কার্যাবলী আগামী অর্থ বছরগুলোতে বিভক্ত করে প্রকল্পের মেয়াদের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি বরাদ্দ মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। |
| গ) | কিছু কিছু ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম সফলতার স্বার্থে প্রকল্প এলাকায় গ্রুপ বহির্ভূত সম্ভাবনাময় উদ্যোক্তাদের উন্নয়ন প্রশিক্ষণে মনোনয়ন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | গ্রুপ বহির্ভূত সম্ভাবনাময় উদ্যোক্তাদের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হচ্ছে। |

**২.৪ জুলাই, ২০২৫ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতিঃ**

| ক্র, নং | প্রকল্পের নাম/প্রকল্পের মেয়াদ কাল | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) | এডিপি বরাদ্দ (২০২৫-২৬) (কোটি টাকায়) | অগ্রগতি (কোটি টাকায়) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | চলতি বছর (জুলাই,২০২৫ পর্যন্ত) | | প্রকল্পের শুরু থেকে ক্রমপুঞ্জিত | |
| | | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | স্মলহোল্ডার এগ্রিকালচারাল কাম্পটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) প্রকল্প | ২৭৫.৯৫ | ৫৪.৪৪ | ০.৩৯<br>২.৬০% | ৪% | ২০৩.৫৫<br>৭৩.৪০% | ৮১% |

**২.৫ জুলাই, ২০২৫ পর্যন্ত প্রকল্পসমূহ দরপত্রের অগ্রগতিঃ**

| প্রকল্পের নাম | দরপত্র আহ্বানের লক্ষ্যমাত্রা | | দরপত্র আহ্বানের সংখ্যা | | দরপত্রের কার্যাদেশ প্রদান | | আরএফকিউ(RFQ) পদ্ধতিতে ক্রয় সংক্রান্ত তথ্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | দরপত্রের সংখ্যা | | | | সংখ্যা | | কোটেশন লক্ষ্যমাত্রা | | কোটেশন আহবানের সংখ্যা | | কার্যাদেশ প্রদানের সংখ্যা | |
| ১ | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | |
| স্মলহোল্ডার এগ্রিকালচারাল কাম্পটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) প্রকল্প | মোট:<br>মালামাল:<br>কার্য:<br>সেবা: | ১৯<br>১৫<br>০<br>৪ | মোট:<br>মালামাল:<br>কার্য:<br>সেবা: | ১১<br>৯<br>০<br>২ | মোট:<br>মালামাল:<br>কার্য:<br>সেবা: | ০<br>০<br>০<br>০ | মোট:<br>মালামাল:<br>কার্য:<br>সেবা: | ৬<br>৬<br>০<br>০ | মোট:<br>মালামাল:<br>কার্য:<br>সেবা: | ০<br>০<br>০<br>০ | মোট:<br>মালামাল:<br>কার্য:<br>সেবা: | ০<br>০<br>০<br>০ |

**২.৫ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণকারী মনোনয়নঃ**

কম্পোনেন্ট পরিচালক সভায় উপস্থাপন করেন যে, দাতা সংস্থার পরামর্শে এবং বাস্তবতার প্রেক্ষিতে অনেক ক্ষেত্রে কৃষক গ্রুপের বাইরে ও প্রকল্প এলাকায় সম্ভাবনাময় উদ্যোক্তাদের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে মনোনয়ন করা হয়। এক্ষেত্রে প্রাইভেট সেক্টরের সহায়তায় সম্ভাবনাময় উদ্যোক্তা নির্বাচন করা হয়। কিছু কিছু ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম সফলতার স্বার্থে প্রকল্প এলাকায় গ্রুপ বহির্ভূত সম্ভাবনাময় উদ্যোক্তাদের উন্নয়ন প্রশিক্ষণে মনোনয়নের বিষয়ে একমত পোষণ করেন।

**২.৬ ডিপিপি'র আন্তঃখাত সমন্বয় বিষয়ক আলোচনাঃ**

প্রকল্পটির এসএসিপি অংশ জুন,২০২৬ সালের জুন মাসে শেষ হবে এবং ইফাদ সুপারভিশন মিশনের সুপারিশের প্রেক্ষিতে রেইন্স অংশ ১৮ মাস মেয়াদ বৃদ্ধির মাধ্যমে সংশোধনীর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে সভায় উল্লেখ করা হয়। সংশোধনীতে এসএসিপি অংশের সে সকল খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় সম্ভব নয় (যথাঃ এক্সপোজার ভিজিট, গবেষণা), ইফাদ মিশনের সুপারিশ মোতাবেক সে সকল অর্থের বরাদ্দ বাদ দিয়ে প্রকল্প দলিল সংশোধন করা হবে বলে সভায় উল্লেখ করা হয়।

**৩। সভায় গৃহীত সিদ্ধান্তসমুহ :**

ক) ২০২৫-২৬ অর্থবছরের প্রণীত কর্ম ও ক্রয় পরিকল্পনা মোতাবেক গ্যান্ট চার্টে উল্লিখিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

খ) কিছু কিছু ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম সফলতার স্বার্থে প্রকল্প এলাকায় গ্রুপ বহির্ভূত সম্ভাবনাময় উদ্যোক্তাদের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া যেতে পারে।

গ) প্রকল্পের আন্তঃখাত সমন্বয় করে ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ঘ) আরডিপির অসমাপ্ত কার্যাবলী প্রকল্পের মেয়াদের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোনো আলোচ্যসূচী না থাকায়, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৮/২৫

মাসির-উদ-দৌলা
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি,ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)" এর আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)'র ১২ তম সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাসির-উদ-দৌলা |
| | : | মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, Online (Zoom platform)। |
| তারিখ | : | ১৮/০৮/২০২৫ খ্রিঃ। |
| সময় | : | বিকাল ১৪:৩০ ঘটিকা। |

সভায় উপস্থিতি : কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট প্রতিনিধি, আইএমইডি এর সংশ্লিষ্ট প্রতিনিধি, একনেক অনুবিভাগ এর সংশ্লিষ্ট প্রতিনিধি, অর্থ বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধিগণ Zoom Platform এ অংশগ্রহণ এবং কৃষি বিপণন অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দের উপস্থিতি দেখানো হয়েছে (পরিশিষ্ট-"ক")।

**১.০ উপস্থাপনা :**

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ও Zoom Platform এ সংযুক্ত সকল কর্মকর্তাবৃন্দকে সভাপতি স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক মোঃ আনোয়ারুল হক জানান যে, "আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পটি (১ম সংশোধিত)" জানুয়ারি, ২০২২ থেকে জুন, ২০২৬ মেয়াদে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয় এবং বিগত ২১-০৬-২০২২ তারিখে প্রকল্পটির অনুকূলে কৃষি মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪২৭৬.৭৪ লক্ষ (বিয়াল্লিশ কোটি ছিয়াত্তর লক্ষ চুয়াত্তর হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি)। ২০২৫-২৬ অর্থবছরে এডিপিতে ২৪৭৬.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সময় প্রকল্পের উদ্দেশ্য ও প্রধান প্রধান কার্যক্রম ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**২.০ আলোচনা :**

**২.১ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি আলোচনা :**

প্রকল্পটি গত ২৫-০৬-২০২৪ তারিখে মোট ৪৯১৪.৫২ লক্ষ (উনপঞ্চাশ কোটি চৌদ্দ লক্ষ বায়ান্ন হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে ১ম সংশোধনী অনুমোদিত হয়। তিনি প্রকল্পের সংক্ষিপ্ত ইতিহাস, বাজেট-বরাদ্দ, ২০২৫-২৬ অর্থবছরের প্রধান প্রধান খাত সমূহের ক্রয় ও কর্মপরিকল্পনা ও প্রকল্প কর্মকান্ডের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।প্রকল্প পরিচালক জানান, বর্তমান প্রেক্ষাপটে প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ। তিনি বলেন, প্রকল্পের আওতায় দেশের সবচেয়ে অধিক আলু উৎপাদনকারী ১৬টি জেলার (মুন্সীগঞ্জ, চট্টগ্রাম, কুমিল্লা, চাঁদপুর, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রাজশাহী, নওগাঁ, বগুড়া ও জয়পুরহাট) ৭৬টি উপজেলায় ৭০৩টি আলুর সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজ চলমান। উক্ত মডেল

ঘর কেন্দ্রিক আলু চাষী ও উপকারভোগীদের কে নিয়ে ৭০৩টি কৃষক বিপণন দল গঠন করা হবে এবং ৫৩৫ ব্যাচে ১৬০৫০ আলু চাষী কৃষক ও কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। আলুর বহুমূখী ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ১২০ ব্যাচে মোট ৩০০০ জন শিক্ষিত গৃহিণী, হোটেল ও রেস্টুরেন্টের কুক, বেকার তরুন/তরুনী, ক্ষুদ্র ও মাঝারী মানের খাদ্য প্রক্রিয়াজাতকারীকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সফল উদ্যোক্তা হওয়ার মত আগ্রহী ও কর্মঠ ব্যাক্তি নির্বাচন পূর্বক ২১৬ জনকে ১১টি আইটেমের আলু প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতির একটি করে প্যাকেজ সরবরাহের মাধ্যমে কর্মসংস্থান ও আর্থসামাজিক অবস্থার উন্নয়ন করা হয়েছে। আলু রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে রপ্তানিকারকগণের সাথে আলু চাষীদের সরাসরি সংযোগ স্থাপন করা হচ্ছে।

**২.২: ২০২৫-২০২৬ অর্থবছরের প্রধান প্রধান খাতসমূহের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

সভায় অবহিত করা হয় যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৬৯৩.০০ লক্ষ টাকা [রাজস্ব ৩৮২.০০ ও মূলধন ৩১১.০০ লক্ষ টাকা]। এডিপি অনুযায়ী প্রধান প্রধান কার্যক্রম হলো-আলু সংরক্ষণের মডেল ঘর নির্মাণ ২৬টি, প্রদর্শনী বোর্ড ক্রয় ও স্থাপন ২৬টি, রংপুর কৃষি বিপণন ভবন মেরামত-৪র্থ তলা পর্যন্ত প্রতি তলা ৩৫০০ বর্গফুট, কৃষক বিপণন দলের প্রশিক্ষণ ৮৪ ব্যাচ, প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ-৩২ ব্যাচ, মাঠ দিবস আয়োজন-১৫৪টি, কুকিং ডেমোনেস্ট্রেশন আয়োজন-৩টি, টিভি ফিলার তৈরী-১টি, রপ্তানী সহায়ক প্রশিক্ষণ-৩৭ ব্যাচ, বৈদ্যুতিক সরঞ্জামাদি (কিয়স্ক) ক্রয়-১১টি ও মোবাইল ফুড ভ্যান ক্রয়-১৬টি। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী মালামাল সংক্রান্ত ১০টি দরপত্রের মধ্যে ১টি কাজের দরপত্র আহবান করা হয়েছে। অবশিষ্ট দরপত্র নির্দিষ্ট সময়ের মধ্যে আহবান করা হবে। এছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষক বিপণন দলের প্রশিক্ষণ, প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ, রপ্তানি সহায়ক প্রশিক্ষণ, মাঠ দিবস আয়োজন ও কুকিং ডেমোনেস্ট্রেশন আয়োজন কার্যক্রম চলমান।

**২.৩। বিগত ১৮-০৩-২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

| গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| **সিদ্ধান্ত-৩.১।** প্রকল্পের আওতায় নির্মিত ২০২৪-২০২৫ অর্থবছরে আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং আলু সংরক্ষণ নিশ্চিত করতে হবে; | ২০২৪-২০২৫ অর্থবছরে ২৫৫টি আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণের লক্ষমাত্রার বিপরীতে সকল মডেল ঘর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং বেশিরভাগ ঘরে আলু সংরক্ষণ করা সম্ভব হয়েছে। |
| **সিদ্ধান্ত-৩.২।** ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপি'র বরাদ্দ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন শতভাগ নিশ্চিত করতে হবে। | ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপি'র বরাদ্দ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন আর্থিক ৯৬.০৮% ও ভৌত ৯৭.০০% নিশ্চিত করা সম্ভব হয়েছে।। |
| **সিদ্ধান্ত-৩.৩।** যে সকল প্রকল্পে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান রয়েছে সে সকল প্রকল্প কর্তৃপক্ষ যথাসম্ভব দেশীয় যন্ত্রপাতি ক্রয় নিশ্চিত করবেন। আমদানীকৃত কৃষি যন্ত্রপাতি ক্রয় করতে হলে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন নিতে হবে। | প্রকল্পের আওতায় যে সকল যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান ছিল তার বেশিরভাগ ইতোমধ্যে প্রায় সম্পন্ন হয়েছে। আগামী অর্থ বছরে যে সকল যন্ত্রপাতি ক্রয় করার সংস্থান রয়েছে, তা ক্রয়ের ক্ষেত্রে সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ নিয়ম কানুন মেনে ক্রয় করা হবে। |
| **সিদ্ধান্ত-৩.৪।** প্রকল্প/কর্মসূচির প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের ভিডিও অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রকল্প পরিদর্শনের | প্রকল্পের প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের ভিডিও দ্রুত অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হবে। প্রকল্প পরিদর্শনের সময় প্রকল্পের বাস্তবায়নে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে |

| | |
|---|---|
| সময় প্রকল্পের বাস্তবায়নে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং সে মোতাবেক সমস্যা ও চ্যালেঞ্জ নিরসণে প্রকল্প কর্তৃক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| **সিদ্ধান্ত-৩.৫।** পণ্য গ্রহণের সময় মালামাল গ্রহণ কমিটি কর্তৃক প্রত্যায়ন পূর্বক বিল পরিশোধ করতে হবে। মাঠ পর্যায়ে প্রকল্পের মালামাল বিতরণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিত নিশ্চিত করতে হবে। | প্রকল্প কর্তৃক যে কোন পণ্য গ্রহণের সময় মালামাল গ্রহণ কমিটি কর্তৃক প্রত্যায়ন পূর্বক বিল পরিশোধ করা হয়। মাঠ পর্যায়ে প্রকল্পের মালামাল বিতরণের সময় জেলা কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থাকেন। |
| **সিদ্ধান্ত-৩.৬।** প্রকল্প মনিটরিং/পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন ক্যালেন্ডার পূর্ব থেকেই প্রেরণ করতে হবে। প্রকল্পের মনিটরিং কর্মকর্তাগণ সঠিকভাবে প্রকল্প পরিদর্শন করবেন এবং সংস্থা প্রধান (সকল) বিষয়টি তদারকি করবেন। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপি'র বরাদ্দ মোতাবেক শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে। | সিদ্ধান্ত মোতাবেক পরিদর্শন ক্যালেন্ডার পূর্ব থেকেই প্রেরণ করা হয়। প্রকল্পের মনিটরিং কর্মকর্তাগণ সঠিকভাবে প্রকল্প পরিদর্শন করেন এবং সংস্থা প্রধান (সকল) বিষয়টি তদারকি করেন। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপি'র বরাদ্দ মোতাবেক ৯৬.০৮% ব্যয় করা সম্ভব হয়েছে। |

## ২.৪: জুলাই, ২০২৫ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি:

| ক্র, নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) | এডিপি বরাদ্দ (২৬-২০২৫) (কোটি টাকায়) | অগ্রগতি (কোটি টাকায়) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | চলতি বছর (জুলাই,২০২৫ পর্যন্ত) | | প্রকল্পের শুরু থেকে ক্রমপুঞ্জিত | |
| | | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প ( ১ম সংশোধিত) | ৪৯.১৫ | ৬.৯৩ | ০.০৭ (১.০৪%) | ৪% | ৪৪.৬৬ (৮২.৭৩% | ৯০% |

## ২.৫: জুলাই, ২০২৫ পর্যন্ত প্রকল্পের দরপত্রের অগ্রগতি:

| ক্রম | প্রকল্পের নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | অগ্রগতি **(%)** |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) | ১০ | ১ | - | ৪ | - | - | ১০.০০% |

## ২.৬ বিবিধঃ

প্রকল্পটির ১ম সংশোধনী অনুমোদিত হয়েছে। প্রকল্পটির প্রধান কাজ প্রকল্প এলাকার অধিক আলু উৎপাদনকারী এলাকার কৃষকদের বসতবাড়িতে ৭০৩টি আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ করা। সরকারি তহবিলের দ্বারা পণ্যসামগ্রী ক্রয়ে সরকারি ক্রয় আইন ও বিধির যথাযথ প্রয়োগ, অর্থের সর্বোত্তম ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে প্রকল্পের আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের

ভিত্তিতে গুণগতমান অনুযায়ী যাচাই বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

প্রকল্প পরিচালক জানান, ঘরগুলো যেভাবে তৈরী করা হয়েছে বা ঘরে পণ্য রাখার উপকারিতা নিয়ে একটি ভিডিও ক্লীপ তৈরী করে সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আলু সংরক্ষণাগার সকল ঘরের মাচা ইউক্যালিপটাস গাছের কাঠ দিয়ে (ডিপিপি অনুযায়ী) তৈরী নিশ্চিত করা হয়েছে। যেহেতু ২০২৫-২৬ অর্থ বছরই প্রকল্পটির শেষ বছর তাই রংপুর কৃষি বিপণন ভবন মেরামত সংক্রান্ত কাজের দরপত্রটি অর্থ বছরের শুরুতেই আহবান করা প্রয়োজন। এছাড়া প্রকল্প এলাকায় উপকারভোগী কৃষকদের ব্যাপক চাহিদা এবং বাংলাদেশের আলু উৎপাদন ও বিপণন ব্যবস্থাসহ সংরক্ষণ ব্যবস্থা সহজীকরণ ও আধুনিকীকরণের নিমিত্ত অত্র প্রকল্পটির ২য় পর্যায় চালু করা একান্ত প্রয়োজন।

২০২৫-২৬ অর্থবছরের চলমান সকল প্রকল্পের ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্টের কাজ বিধিমোতাবেক যথাযথ ও সময়মতো সম্পন্ন এবং যে সকল প্রকল্পে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান রয়েছে সে সকল প্রকল্প কর্তৃপক্ষ যথাসম্ভব দেশীয় যন্ত্রপাতি ক্রয় নিশ্চিত করবেন। আমদানীকৃত কৃষি যন্ত্রপাতি ক্রয় করতে হলে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন নিতে হবে। আগামী অর্থবছরে সমাপ্তের জন্য নির্ধারিত প্রকল্পসমূহ যথাযথ ও গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল দরপত্র দ্রুত আহবান করতে হবে।

**৩.০ সিদ্ধান্তঃ**

উপস্থিত এবং সংযুক্ত সকল সদস্যের বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) ২০২৫-২০২৬ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী মডেল ঘর নির্মাণ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে এবং সকল ঘরে আলু সংরক্ষণ নিশ্চিত করতে হবে;

খ) রংপুর কৃষি বিপণন ভবন মেরামতের অব্যয়িত অর্থ হতে উক্ত ভবনের অবস্থিত (উপ পরিচালকের কার্যালয়, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের এবং সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়) রুম ইন্টেরিয়ের ডিজাইন করতে হবে;

গ) পণ্য গ্রহণের সময় মালামাল গ্রহণ কমিটি কর্তৃক প্রত্যায়ন পূর্বক বিল পরিশোধ করতে হবে। মাঠ পর্যায়ে প্রকল্পের মালামাল বিতরণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিত নিশ্চিত করতে হবে;

ঘ) কৃষি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে যথাসম্ভব দেশীয় যন্ত্রপাতি ক্রয় নিশ্চিত করবেন। আমদানীকৃত কৃষি যন্ত্রপাতি ক্রয় করতে হলে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন নিতে হবে;

ঙ) প্রকল্প পরিচালক ও উপপ্রকল্প পরিচালকগণের মাঠপর্যায়ের কার্যক্রম মনিটরিং আরো জোরদার করতে হবে;

চ) আলু উৎপাদন ও বিপণন ব্যবস্থাসহ সংরক্ষণ ব্যবস্থা সহজীকরণ ও আধুনিকীকরণের নিমিত্ত অত্র প্রকল্পটির ২য় পর্যায় চালুর উদ্যোগ গ্রহণ করতে হবে।

অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসির-উদ-দৌলা
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি,ফার্মগেট,
ঢাকা-১২১৫।

বিষয় : **কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৭ম সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাসির-উদ-দৌলা |
| | : | মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, Online (Zoom platform)। |
| তারিখ | : | ১৮/০৮/২০২৫ খ্রিঃ। |
| সময় | : | বিকাল ১৪:০০ ঘটিকা। |

সভায় উপস্থিতি : কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট প্রতিনিধি, আইএমইডি এর সংশ্লিষ্ট প্রতিনিধি, একনেক অনুবিভাগ এর সংশ্লিষ্ট প্রতিনিধি, অর্থ বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধিগণ Zoom Platform এ অংশগ্রহন এবং কৃষি বিপণন অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দের উপস্থিতি দেখানো হয়েছে (পরিশিষ্ট-"ক")।

**১.০ উপস্থাপনা :**

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ও Zoom Platform এ সংযুক্ত সকল কর্মকর্তাবৃন্দকে সভাপতি স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক ড. ফাতেমা ওয়াদুদ জানান যে, "শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন" প্রকল্পটি অক্টোবর, ২০২৩ হতে জুন,২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ২৯.১১.২০২৩ খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক মঞ্জুরী আদেশ জারি করা হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৯০০.০০ লক্ষ টাকা। ২০২৫-২৬ অর্থবছরে এডিপিতে ২৪৭৬.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সময় প্রকল্পের উদ্দেশ্য ও প্রধান প্রধান কার্যক্রম ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**২.০ আলোচনা :**

**২.১ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি আলোচনা :**

প্রকল্প পরিচালক জানান "শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন" প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ। কৃষকের উৎপাদিত ফসল গুদামে সংরক্ষণের বিপরীতে কৃষকদেরকে প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা প্রদান করা হয়। কৃষক, উপকারভোগী ও কৃষি উদ্যোক্তাদের জন্য শস্য গুদামে ফসল সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, গুদাম রক্ষক, গুদাম উপদেষ্টা কমিটি, অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ এবং বিপণন বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের সংস্থান আছে।

**২.২ ২০২৫-২০২৬ অর্থবছরের প্রধান প্রধান খাত সমূহের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**

প্রকল্প পরিচালক জানান ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি বরাদ্দ **২**৪৭৬.০০ লক্ষ টাকা। যার মধ্যে রাজস্ব খাতে ১৩৭১.০০ লক্ষ টাকা এবং মূলধন খাতে ১১০৫.০০ লক্ষ টাকা। ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রধান প্রধান ১০টি কার্যক্রম (ওটিএম) এবং ৮টি স্বল্প মুল্যের দরপত্র (কোটেশন) রয়েছে। HOPE কতৃক অনুমোদিত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী গুদাম রক্ষক রিফ্রেসার্স প্রশিক্ষণ **০১** ব্যাচ (১৬ জন), ক্ষুদ্র

দলনেতা/সুবিধাভোগী কৃষক প্রশিক্ষণ ৫৮ ব্যাচ (১৭৪০জন), গুদাম উপদেষ্টা কমিটির সতেজক ২৯ব্যাচ (১৪৫জন), অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার প্রশিক্ষণ **৩** ব্যাচ (৬০জন) এবং **০১**টি আঞ্চলিক পর্যায়ের সেমিনারের সংস্থান রাখা হয়েছে। উল্লেখ্য, ২০২৪-২৫ অর্থবছরে মোটর সাইকেল-১৪টি, বাইসাইকেল-৪০টি এবং ভ্যানগাড়ী-৪০টি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। কিন্তু আরএডিপিতে বরাদ্দ না পাওয়ায় ক্রয় করা সম্ভব হয়নি। ২০২৫-২৬ অর্থবছরে মোটর সাইকেল-১৪টি, বাইসাইকেল-৪০টি এবং ভ্যানগাড়ী-৪০টি ক্রয়ের জন্য কর্ম ও ক্রয় পরিকল্পনায় ৪৬.২০ লক্ষ টাকার অনুমোদন থাকলেও আইবাস এ কোন বরাদ্দ দেওয়া হয়নি। এডিপিতে মোটরযান খাতে ১৪.৬০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এছাড়াও প্রকল্প পরিচালক জানান চলতি অর্থবছরে বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে (কোড নং-৪১১২৩০৩) বরাদ্দ না পাওয়ায় ৭৯টি গুদামের বিদ্যুৎ সংযোগসহ অন্যান্য কাজের সমস্যা সৃষ্টি হচ্ছে।

**২.৩ বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো :**

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১। | ২০২৪-২৫ অর্থবছরে আরএডিপি'র বরাদ্দ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন শতভাগ নিশ্চিত করতে হবে। | ২০২৪-২৫ অর্থবছরে আরএডিপি'র বরাদ্দ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন শতভাগ নিশ্চিত করা হয়েছে। |
| ২। | প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল জেলা পর্যায়ে গ্রহণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এছাড়া পার্টনার (ডিএএম অংগ) এর অর্থায়নে শস্য গুদাম মেরামত কাজ মনিটরিং পূর্বক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রদান করতে হবে। | সিদ্ধান্ত: অনুযায়ী প্রকল্প এলাকায় জেলা কর্মকর্তাদের উপস্থিতিতে মালামাল গ্রহণের জন্য পত্র দেয়া হয়েছে এবং সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে। পার্টনার (ডিএএম অংগ) কর্তৃক গুদামের মেরামত কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মনিটরিং প্রতিবেদন মাঠ পর্যায় হতে প্রাপ্তি সাপেক্ষে প্রণয়ন ও প্রেরণ করা হবে। |
| ৩। | যে সকল প্রকল্পে কৃষি যন্ত্রপাতি ক্রয় রয়েছে যে সকল প্রকল্পের যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত ক্যালেন্ডার প্রণয়ন করে মন্ত্রণালয়ের স্ব-স্ব শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ী যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত ক্যালেন্ডার মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর বরাবর তালিকা প্রেরণ করা হয়েছে। |
| ৪। | প্রকল্পের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করে মন্ত্রণালয়ের স্ব-স্ব শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, বরাবর তালিকা প্রেরণ করা হয়েছে। |

**২.৪ জুলাই ২০২৫ পর্যন্ত প্রকল্পের আর্থক অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

| ক্রম | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ(২০২৫-২০২৬) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ২৪৭৬.০০ | ২৪৭৬.০০ | - | ৬১৯.০০ (২৫%) | ৬১৯.০০ (২৫%) | ০০ | ০.০০ (০%) | ০.০০ (০.০০%) | ০০ |
| সর্বমোট | | ২৪৭৬.০০ | ২৪৭৬.০০ | - | ৬১৯.০০ (২৫%) | ৬১৯.০০ (২৫%) | ০০ | ০.০০ (০%) | ০.০০ (০.০০%) | ০০ |

প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, প্রকল্পটির ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপিতে প্রাপ্ত বরাদ্দ ২৪৭৬.০০ লক্ষ টাকা এর মধ্যে রাজস্ব ১৩৭১.০০+মূলধন ১১০৫.০০ লক্ষ টাকা। প্রকল্প শুরু থেকে জুলাই,২০২৫ খ্রি: পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৮৭৩.০০ লক্ষ টাকা (৩৮.২২%)।

**২.৫ জুলাই,২০২৫ পর্যন্ত প্রকল্পসমূহ/কর্মসূচির দরপত্রের অগ্রগতি:**

| ক্রম | প্রকল্পের নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্র | দরপত্র আহবান | কার্যাদেশ | দরপত্রের লক্ষ্যমাত্র | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ১০ | ০ | ০ | ৮ | ০ | ০ | ০% |
| | | ১০ | ০ | ০ | ৮ | ০ | ০ | ০% |

**২.৬ ২০২৫-২০২৬ অর্থবছরের প্রধান প্রধান খাত সমূহের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

সভায় অবহিত করা হয় যে, ডিপিপি অনুযায়ী প্রধান প্রধান কার্যক্রমের মধ্যে ১৯টি সুইং মেশিন, ২৬টি বীজ ক্লিনং এন্ড গ্রেডিং মেশিন, ৭৮০০০টি বস্তা (৩৯টি গুদামের জন্য), গুদামে ব্যবহৃত ও যন্ত্রপাতি, কম্পিউটার সফটওয়ার, মোটরসাইকেল ১৪টি, বাইসাইকেল ৪০টি এবং ভ্যানগাড়ী ৪০টি ক্রয়ের জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলামান রয়েছে।

**২.৭ ২০২৫-২০২৬অর্থ বছরে ক্রয় কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যয় প্রাক্কলন অনুমোদন ও অনুমোদিত ডিপিপি অনুযায়ী কার্যক্রম পরিচালনাঃ**

সভায় প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী ব্যয় প্রাক্কলন অনুমোদনের লক্ষ্যে বাজারদর যাচাই প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের আওতায় মোটরসাইকেল, বাইসাইকেল ও ভ্যানগাড়ী ক্রয়ের পূর্বানুমোদনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও প্রকল্পের আওতাভূক্ত গুদামস**মূহের** সংস্কার/মেরামত/নির্মা**ণ** কাজ পার্টনার (বিপণন অংগ) প্রকল্প হতে ২০২৪-২০২৫ অর্থবছরের ২০টি গুদামের কাজ সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে (২০২৫-২০২৬) ২৩টি গুদাম সংস্কার/মেরামত/নির্মাণ কাজ করা হবে জানা যায়। এক্ষেত্রে শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্পের মেয়াদ মাত্র ১০ মাস অবশিষ্ট রয়েছে, সুতরাং ডিপিপি অনুযায়ী প্রকল্প কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে ১৫% বৃদ্ধি করে প্রকল্প মেয়াদ অতিরিক্ত ১(এক) বৎসর বৃদ্ধির জন্য সভায় উপস্থাপন করা হয়।

**৩। সিদ্ধান্তসমূহ:**

০১। ২০২৫-২৬ অর্থবছরের প্রণীত কর্ম ও ক্রয় পরিকল্পনা মোতাবেক গ্যান্ট চার্টে উল্লিখিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

০২। ডিপিপি অনুযায়ী ২৭টি মোটরসাইকেল, ৮১টি বাইসাইকেল ও ৭৯টি ভ্যানগাড়ী ক্রয়ের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থমন্ত্রণালয়ের অর্থবিভাগের সম্মতি গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে।

০৩। মোটরযান খাতে (কোড নং ৪১১২১০১) প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় এবং বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে (কোড নং ৪১১২৩০৩) বরাদ্দ না দেওয়ায় আন্ত: খাত সমন্বয় প্রস্তাব দ্রুত প্রস্তুত করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৪। শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্পের গুরুত্ব বিবেচনায় প্রকল্প কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে আন্তঃখাত সমন্বয়সহ প্রকল্প মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয় প্রেরণ করতে হবে।

০৫। শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্পে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ডাটা এ্যানালিষ্ট, গুদাম রক্ষক ও অফিস সহায়ক এর চাকুরীর সময়সীমা জুন/২০২৬ পর্যন্ত থাকায় প্রকল্প সমাপ্তির পর উক্ত জনবলের বেতনভাতা কিভাবে নির্বাহ হবে সে সম্পর্কিত সুনির্দিষ্ট প্রস্তাবনা প্রকল্প পরিচালক দাখিল করবেন।

অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসির-উদ-দৌলা
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।